

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ আযান (الأذان)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## আযানের অন্যান্য পরিত্যাজ্য বিষয়

- (১) আযানের আগে ও পরে উচ্চৈঃস্বরে যিকর : জুম'আর দিনে এবং অন্যান্য ছালাতে বিশেষ করে ফজরের আযানের আগে ও পরে বিভিন্ন মসজিদে মাইকে বলা হয়
- (ক) 'বিসমিল্লা-হ, আচ্ছালাতু ওয়াসসালা-মু 'আলায়কা ইয়া রাসূলাল্লা-হ ... ইয়া হাবীবাল্লাহ, ... ইয়া রহমাতাল লিল 'আ-লামীন। এভাবে রাসূলুল্লাহ (ছাঃ)-কে সালাম দেওয়ার পরে সরাসরি আল্লাহকেই সালাম দিয়ে বলা হয়, আচ্ছালাতু ওয়াসসালামু 'আলায়কা ইয়া রববাল 'আ-লামীন'। এটা বিদ'আত তো বটেই, বরং চরম মূর্খতা। কেননা আল্লাহ নিজেই 'সালাম'। তাকে কে সালাম দিবে? তাছাড়া হাদীছে আল্লাহকে সালাম দিতে নিষেধ করা হয়েছে।
- (খ) আযানের পরে পুনরায় 'আছছালা-তু রাহেমাকুমুল্লা-হ' বলে বারবার উঁচু স্বরে আহবান করা (ইরওয়া ১/২৫৫)। এতদ্বাতীত
- (গ) হামদ, না'ত, তাসবীহ, দরূদ, কুরআন তেলাওয়াত, ওয়ায, গযল ইত্যাদি শোনানো। অথচ কেবলমাত্র 'আযান' ব্যতীত এসময় বাকী সবকিছুই বর্জনীয়। এমনকি আযানের পরে পুনরায় 'আছছালাত, আছছালাত' বলে ডাকাও হযরত আব্দুল্লাহ বিন ওমর (রাঃ) প্রমুখ ছাহাবীগণ 'বিদ'আত' বলেছেন।[45] তবে ব্যক্তিগতভাবে যদি কেউ কাউকে ছালাতের জন্য ডাকেন বা জাগিয়ে দেন, তাতে তিনি অবশ্যই নেকী পাবেন। [46]
- (২) 'তাকাল্লুফ' করা : যেমন- আযানের দো'আটি 'বাংলাদেশ বেতারের' কথক এমন ভঙ্গিতে পড়েন, যাতে প্রার্থনার আকুতি থাকেনা। যা অবশ্যই পরিত্যাজ্য। কারণ নিজস্ব স্বাভাবিক সুরের বাইরে যাবতীয় তাকাল্লুফ বা ভান করা ইসলামে দারুণভাবে অপছন্দনীয়।[47]
- (৩) গানের সুরে আযান দেওয়া : গানের সুরে আযান দিলে একদা আব্দুল্লাহ বিন ওমর (রাঃ) জনৈক মুওয়ায্যিনকে ভীষণভাবে ধমক দিয়ে বলেছিলেন إِنِّيْ لَأَبْغِضْكُ فِي اللهِ 'আমি তোমার সাথে অবশ্যই বিদ্বেষ করব আল্লাহর জন্য'।[48]
- (৪) আঙ্গুলে চুমু দিয়ে চোখ রগড়ানো : আযান ও একামতের সময় 'মুহাম্মাদার রাসূলুল্লাহ' শুনে বিশেষ দো'আ সহ আঙ্গুলে চুমু দিয়ে চোখ রগড়ানো, আযান শেষে দুই হাত তুলে আযানের দো'আ পড়া কিংবা উচ্চৈঃস্বরে তা পাঠ করা ও মুখে হাত মোছা ইত্যাদির কোন শারঈ ভিত্তি নেই।[49]
- (৫) বিপদে আযান দেওয়া : বালা-মুছীবতের সময় বিশেষভাবে আযান দেওয়ারও কোন দলীল নেই। কেননা আযান কেবল ফর্ম ছালাতের জন্যই হয়ে থাকে, অন্য কিছুর জন্য নয়।
- (৬) এতদ্ব্যতীত শেষরাতে ফজরের আযানের আগে বা পরে মসজিদে মাইকে উচ্চৈঃস্বরে কুরআন তেলাওয়াত করা, ওয়ায করা ও এভাবে মানুষের ঘুম নষ্ট করা ও রোগীদের কষ্ট দেওয়া এবং তাহাজ্জুদে বিঘ্ন সৃষ্টি করা কঠিন গোনাহের কাজ।[50]



## ফুটনোট

- [44] . মুত্তাফাৰু 'আলাইহ, মিশকাত হা/৯০৯, 'ছালাত' অধ্যায়-৪, 'তাশাহহুদ' অনুচ্ছেদ-১৫।
- [45] . তিরমিযী, মিশকাত হা/৬৪৬-এর টীকা; ঐ, ইরওয়া হা/২৩৬, ১/২৫৫; ফিরুহুস সুন্নাহ ১/৯৩।
- [46] . বুখারী হা/৫৯৫, 'ছালাতের সময়কাল' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৩৫; মুসলিম, মিশকাত হা/৬৮৪ 'দেরীতে আযান' অনুচ্ছেদ-৬।
- [47] . রাযীন, মিশকাত হা/১৯৩; الرِّيَاءُ هُوَ الشِّرْكُ اْلاَّصْغَرُ 'রিয়া হ'ল ছোট শিরক' আহমাদ, বায়হাকী, মিশকাত হা/৫৩৩৪ ' 'হৃদয় গলানো' অধ্যায়-২৬, 'লোক দেখানো ও শুনানো' অনুচ্ছেদ-৫; সিলসিলা ছহীহাহ হা/৯৫১।
- [48] . ফিকহুস সুনাহ 'আযান' অধ্যায়, মাসআলা ২১/৩, ১/৯২ পৃঃ ; বুখারী, মুসলিম, মিশকাত হা/২১৯২, ২১৯৪ 'কুরআনের ফ্যীলত' অধ্যায়-৮, 'তেলাওয়াতের আদব' অনুচ্ছেদ-১।
- [49] . ফিকহুস সুনাহ 'আযান' অধ্যায়, মাসআলা-২১/২, ১/৯২ পৃঃ; বায়হাকী, মিশকাত হা/২২৫৫, টীকা ৪; ইরওয়া হা/৪৩৩-৩৪।
- [50] . ফিরুহুস সুন্নাহ ১/৯৩ 'আযান' অধ্যায়, মাসআলা ২১ (৫)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9193

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন